ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৫৫ ● কলকাতা ● ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● সোমবার ● ০৯ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## জাগো হিন্দু জাগো', ন্যাজাটে '২৬-এর প্রচার শুভেন্দুর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পশ্চিমবঙ্গ অমিত শাহরা এসে ভোটের সুর বেঁধে দিয়ে গিয়েছেন ইতিমধ্যেই। সেই আবহেই এবার ২০২৬ সালে পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গড়বে বলে ঘোষণা করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। একজোটে তৃণমূলকে হারানোর ডাক দিলেন তিনি। এখন তৃণমূল সরকার যেমন 'লক্ষ্মীর ভাণ্ডারে' ৫০০-১০০০ টাকা দিচ্ছে, বিজেপি রাজ্যে ক্ষমতায় এলে প্রথম মাসেই অ্যাকাউন্ডে

এরপর ৩ পৃষ্ঠায়

# ২১ জুলাই শহীদ দিবসের প্রস্তুতি শুরু করে দিয়েছে তৃণমূল



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

২১ জুলাই মানেই তৃণমূলের কাছে মেঘা ইভেন্ট। আর সামনে বছর বিধানসভা নির্বাচন। তাই এ বছর ২১ জুলাইয়ের সভার প্রস্তুতি শুরু করে দিয়েছে তৃণমূল। মূলত ছাত্র ও যুবদের উপর দায়িত্ব থাকে শহিদ দিবস পালনের। দলের বর্ষীয়ান নেতাদের পরামর্শক্রমে ছাত্র, যুব সংগঠনের সদস্যরা তার আয়োজন করে। এবছরও তার ব্যতিক্রম হচ্ছে না। বরং এবার একটু আগেই প্রস্তুতি শুরু হয়ে যাচ্ছে। জানা গিয়েছে, আগামী সপ্তাহে ভবানীপুরের দলীয় কার্যালয়ে বসছে ২১ জুলাইয়ের প্রস্তুতি বৈঠক। তাতে যোগ দেওয়ার জন্য ইতিমধ্যেই সমস্ত জেলা সভাপতি, চেয়ারম্যানের কাছে চিঠি পৌঁছেছে। ডাকা হয়েছে দুই সাংগঠনিক জেলা – কলকাতা উত্তর ও বীরভূমের কোর কমিটিকেও। তৃণমূলের ২১ জুলাই – শহিদ দিবসের অনুষ্ঠানের দিকে বরাবরই নজর থাকে রাজ্যের রাজনৈতিক মহলের।

এরপর ৩ পাতায়






# রাজ্য কমিটিতে অনেকের ডানা ছাঁটল বিজেএমসি, অনেকে বড় দায়িত্ব



**জয়দীপ যাদব,কলকাতা**

আজ ভারতীয় জনতা মজদুর সেল (বিজেএমসি)-এর পশ্চিমবঙ্গ ইউনিটের রাজ্য কমিটি ঘোষণা করা হয়েছে। মধ্য কলকাতার ভারত সভা হলে বিজেএমসির জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জির উপস্থিতিতে পশ্চিমবঙ্গের ভারতীয় জনতা মজদুর সেলের নবনির্বাচিত রাজ্য কমিটি গঠন করা হয়। বিজেএমসি রাজ্য কমিটিতে অনেকের ডানা কেটে দেওয়া হয়েছে, আবার অনেকেই বড় দায়িত্ব পেয়েছেন। জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জি বলেন, আজ বিজেএমসি দেশের ২৮টি রাজ্য এবং ৮টি কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে ৩০টি রাজ্যে শ্রমিকদের স্বার্থে কাজ করছে। জাতীয় সহ-সভাপতি অনিল বরণ ঘোষ এবং জাতীয় সাধারণ সম্পাদক জগদীশ যাদবও উপস্থিত ছিলেন। বেঙ্গল কমিটিতে সহ-আহ্বায়ক সমীর মল্লিক, সাধারণ সম্পাদক প্রসেনজিৎ কর, সাধারণ সম্পাদক মনোতোষ দেব, সাধারণ সম্পাদক প্রমথ কুমার আসন, সহ-সভাপতি ইন্দ্রনীল মজুমদার, সহ-সভাপতি রবীন চন্দ্র দাস, সহ-সভাপতি বাসুদেব বর্মণ, সহ-সভাপতি দিব্যেন্দু ব্যানার্জী, সম্পাদক সীতাশু রঞ্জন দাস, সুব্রত মঞ্জুর, আইনজীবী অ্যাডভোকেট বাবুল মঞ্জুরের নাম রয়েছে। ইন্দ্রনীল ঘোষ, দিব্যায়ন বন্দ্যোপাধ্যায়, বারাসত বনগাঁর ইনচার্জ অনুরাধা দাস, হাওড়া গ্রামীণ ইনচার্জ প্রদীপ কুমার দাস, কার্যনির্বাহী সদস্য সুপ্রিয়া মণ্ডল আজ ঘোষণা করা হয়েছে এবং অন্য দিন অন্য নামের ঘোষণা করা হবে।

# ভুয়ো পরিচয়পত্র বানিয়ে ইকোপার্ক থেকে গ্রেপ্তার যুবক



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা**

অনুপ্রবেশকারীদের নকল পরিচয়পত্র তৈরির জাল ছড়িয়ে বহুদূর! এবার ইকোপার্ক চত্বর থেকে গ্রেপ্তার এক যুবক। অভিযোগ, বাংলাদেশি অনুপ্রবেশকারীদের জাল পরিচয়পত্র বানাত সে। পানিহাটি থেকে ধৃত তিন অনুপ্রবেশকারীকে জেরা করে এই অভিযুক্তের হদিশ মেলে।ইকোপার্ক থানার অন্তর্গত ঘুনি পঞ্চায়েতের বাসিন্দা। তাকে রহড়া থানার পুলিশ গ্রেপ্তার করেছে। এর আগে তিনজন বাংলাদেশি অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার করেছিল রহড়া থানার পুলিশ। তাদের জেরা করে উঠে আসে চাঞ্চল্যকর তথ্য। জানা যায়, অনুপ্রবেশকারীদের মোটা টাকার বিনিময়ে জাল পরিচয়পত্র বানিয়ে দিত জিয়াউদ্দিন।

# ঝাড়গ্রামের জিতুশোলে স্পঞ্জ আয়রন কারখানার দূষণে জর্জরিত দশটি গ্রাম, রাস্তায় নেমে প্রতিবাদ এলাকাবাসীর

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**




ঝাড়গ্রাম ব্লকের গড় শালবনী, জিতুশোল সহ আশপাশের প্রায় দশটি গ্রামে চরম পরিবেশ দূষণের বিরুদ্ধে বিক্ষোভে ফেটে পড়েছেন স্থানীয় মানুষ। অভিযোগ, এলাকার স্পঞ্জ আয়রন কারখানাটি একাধিকবার জোরপূর্বক জমি দখল, কৃষিজমিতে ধূলিকণা (ডাস্ট) ফেলা এবং দূষিত জল ছেড়ে জমির ফসল নষ্ট করার মতো কাজ করেছে। এর ফলে পরিবেশ যেমন বিপর্যস্ত হয়েছে, তেমনি জীবজন্তু ও মানুষের স্বাভাবিক জীবনযাপনও হয়ে পড়েছে দুর্বিষহ। স্থানীয় বাসিন্দাদের দাবি, তারা বহুবার স্থানীয় প্রশাসনের দ্বারস্থ হয়েছেন এই দূষণ এবং জমি দখলের বিষয়ে। কিন্তু প্রশাসনের তরফ থেকে কার্যত কোনও দৃশ্যমান পদক্ষেপ না নেওয়ায়, বাধ্য হয়েই এবার রাস্তায় নেমেছেন গড় শালবনী ও আশপাশের গ্রামের মানুষ। হাতে প্ল্যাকার্ড, মুখে স্লোগান—"আমাদের জমি ফেরাও", "শুদ্ধ পরিবেশ চাই", "দূষণ বন্ধ করো"—এই দাবিগুলি নিয়ে বিক্ষোভ মিছিল করেন শতাধিক গ্রামবাসী। বিক্ষোভকারী বলেন, "কারখানা থাকুক, কিন্তু তার জন্য আমাদের জীবন নষ্ট হবে কেন? জমিতে ফসল হচ্ছে না,

এরপর ৪ পাতায়






(১ম পাতার পর)

# ২১ জুলাই শহীদ দিবসের প্রস্তুতি শুরু করে দিয়েছে তৃণমূল

১৯৯৩ সালের আন্দোলনে ১৩ জনের শহিদ হওয়ার ঘটনা স্মরণে রেখে প্রতি বছর নতুন করে লড়াইয়ের শপথ নিতে দেখা যায় মমতা বন্দ্যোপাধ্যায়ের দলকে। কলকাতার ধর্মতলা চত্বরে কেন্দ্রীয় অনুষ্ঠানে ছাত্র, যুব সংগঠনের নেতানেত্রী ছাড়াও এই দিনটিতে বার্তা দেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়, যিনি একসময়ে যুব তৃণমূলের সভাপতির পদও সামলেছেন। আগামী বছর রাজ্যে বিধানসভা নির্বাচন। চতুর্থবার তৃণমূল সরকারের ক্ষমতায় ফেরার সুযোগ। তার আগে ২১ জুলাইয়ের মঞ্চে সে অর্থে লড়াইয়ের সূচনা হওয়ার বড়সড় সম্ভাবনা। দলের তরুণ সংগঠনকে লড়াইয়ের ময়দানে নামানোর প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হয়।

(১ম পাতার পর)

# জাগো হিন্দু জাগো', ন্যাজাটে '২৬-এর প্রচার শুভেন্দুর

৩০০০ টাকা ঢুকবে বলে জানান শুভেন্দু।এদিন পহেলগাঁওয়ের জঙ্গি হামলা এবং Operation Sindoor-এর প্রসঙ্গও টানেন শুভেন্দু। বলেন, "মাথার সিঁদুর দেখে মেরে দিল। কলমা পড়তে জানে না বলে মেরে দিল। হাতের তাগা দেখে মেরে দিয়েছে। বিতান অধিকারীর স্ত্রী জানিয়েছেন, বস্ত্র সরিয়ে তার পর মেরেছে। বদলা নেবেন না? ভারতীয় সেনা Operation Sindoor করে এসেছে। ১০০ কিলোমিটার ভিতরে ঢুকে মোদিজি সেনাকে দিয়ে মেরেছেন। ঘুসকে মারা হ্যায়। মোদি হ্যায় তো মুমকিন হ্যায়। প্রতিশোধ নেবেন না! মহম্মদ সেলিম সাহেব সেক্যুলার নেতা বলেছিলেন হরগোবিন্দ দাস, চন্দন দাস বামপন্থী। ধুলিয়ানে গেলে পরিবার বলল, বাম বলে মারেনি, হিন্দু বলে মেরেছে। গলায় তুলসি ছিল। আপনারা ঐক্যবদ্ধ হবেন না!"রবিবার ন্যাজাটের সভা থেকে তৃণমূল সরকারকে উৎখাত করার ডাক দেন শুভেন্দু। বিশেষ করে হিন্দু ভোট ভাগ হতে দেওয়া যাবে না বলে জানান। শুভেন্দুর বক্তব্য, "সন্দেশখালি ৭০০ ভোটে লিড দিয়েছে বিজেপি-কে। নিশ্চিন্ত থাকুন, শাহজাহানের দাদাগিরিকে অতীত করেছি, অতীতই থাকবে। কাদের মোল্লা, যে গর্তেই তুমি থাকো না কেন, টেনে বের করে এনে আইনের সাজা দেব। সবাই লড়াইয়ের জন্য তৈরি তো! হ্যালো ডব্লিউ বি, বাই বাই TMC. ওদের হটাতে হবে। জোট বাঁধুন, তৈরি হোন। ভাগ হবেন না। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, তফসিলি জাতি-উপজাতি ভাগ হবেন না।" (West Bengal BJP)

হিন্দু ভোট এক করতে শুভেন্দু আরও বলেন, "রামকৃষ্ণ মিশন, ভারত সেবা সঙ্ঘ, ইসকন, আর্য সমাজ, লোকনাথ ব্রহ্মচারী, রামগোপাল ঠাকুর, বালক ব্রহ্মচারী মহারাজ...ভাগ হবেন না। সব মঠ আঁকড়ে থাকুন। কিন্তু ফাইনালে হাতে রাখুন গীতা। ধর্ম রক্ষতি রক্ষিতঃ। জাগো হিন্দু। আমরা কথা দিতে পারি। উত্তরপ্রদেশ-অসম দেখেছেন, আমাদের আনুন, আরও ভাল কিছু দেখবেন।" শুভেন্দুর এই মন্তব্যে 'জয় শ্রীরাম' ধ্বনিতে মুখরিত হয়ে ওঠে চারিদিক।

রাজ্যে ক্ষমতায় এলে মাসে মাসে মহিলাদের ৩০০০ টাকা করে দেওয়া হবে বলে আগেও রাজ্য বিজেপি-র তরফে ঘোষণা করা হয়। এদিন শুভেন্দু বলেন, "মায়েরা ৫০০-১০০০ টাকার কাছে শাঁখা-পলা-সিঁদুর বিসর্জন দেবেন না। যেদিন বিজেপি এই রাজ্যে আসবে, তার পরের ১ তারিখেই ৩০০০ টাকা ঢোকাব। কথা দিয়ে গেলাম। ১ লাখ ২০-তে ঘর হয়! আমাদের আনুন ৩ লাখের ঘর হবে। স্মার্ট মিটার লাগাতে দেবেন না। সরকার টটাকা তুলতে চাইছে মধ্যবিত্তের থেকে। জোট বাঁধুন, তৈরি হোন, আমাদের জিততে হবে। শুধু প্রতিবাদ নয়, প্রতিরোধ করতে হবে আমাদের। হিন্দু যোদ্ধা, রাষ্ট্রবাদীরা প্রস্তুত হোন। বাটেঙ্গে তো কাটেঙ্গে, এক রহেঙ্গে তো সেফ রহেঙ্গে। হাতজোড় করে বলছি, হিন্দুরা ভাগ হবেন না। '৫১-এ আমরা হিন্দুরা ৮৫ শতাংশ ছিলাম, আজ ৬৭ শতাংশ। বাংলাদেশে আমরা ২৩ শতাংশ ছিলাম '৭১ সালে, আজ ৭ শতাংশ। ৫০ শতাংশের নীচে নেমে গেলে সংবিধান চলবে না, নিরাপদ সর্দারের সেক্যুলারিজম চলবে না। সেদিন চলবে শরিয়ৎ আইন।"

তৃণমূল সরকারকে উৎখাতের ডাক দিয়ে বলেন, "আপনাদের কাছে সুযোগ আছে। এই বাংলায় সবাই যোগ্য, একজনই অযোগ্য, মমতা বন্দ্যোপাধ্যায়। '২৬-এ পাল্টে দিন। পাল্টাবেন তো! সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ আমাদের দেবেন তো! কুলতলি, গোসাবা, ক্যানিং আছে, সুন্দরবন জাগো। সব রোহিঙ্গা, রোহিঙ্গা মুসলমান ঢুকছে, দখল করছে। আপনি সোনারহাট, বসিরহাট পালাচ্ছেন। ঐক্যবদ্ধ হোন।"

# এসএসকেএমে অস্বাভাবিক মৃত্যু পশ্চিম মেদিনীপুরের যুবকের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এসএসকেএম হাসপাতালের একটি হস্টেলের ক্যান্টিনে উদ্ধার দেহ। হাসপাতালের ঠিক বিপরীতের ইউজি নিউ বয়েজ হস্টেলের নিচের তলায় ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য। পুলিশ সূত্রে খবর, রবিবার সকাল ৮টা ১০ নাগাদ ১০ তলা ওই বাড়ির নিচের তলায় গলায় দড়ি দেওয়া অবস্থায় উদ্ধার হয় শান্তনু রায় নামের এক ব্যক্তির দেহ।পুলিশ সূত্র বলছে, ক্যান্টিনের একটি ঘর থেকে গলায় দড়ি দেওয়া অবস্থায় উদ্ধার হয় শান্তনুর দেহ। সিলিং ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় ছিলেন তিনি! বেশ কয়েকদিন আগে পর্যন্ত শান্তনুর ওই ক্যান্টিনে কাজ করতেন বাঁকুড়ার রায়পুরের বাসিন্দা মিঠুন চালক। ছুটি নিয়ে গত বুধবার বাড়ি ফিরেছেন তিনি। মিঠুন ওরফে ছোট্টু বলছেন, 'আমিও টাকা পেতাম। প্রায় ১৪ হাজার টাকা দেবে বলেছিল। টাকা ঠিকঠাক দিতে পারছিলেন না। অনেকেই আসতেন টাকা চাইতে। বলতেন, শান্তনুদার কাছে টাকা পান। ডাক্তারবাবুরা কে কী করতেন, টাকা বাকি রাখতেন কিনা, খাতার ব্যাপার, বলতে পারব না। কিন্তু আমি যেদিন বাড়ি আসছি, আমাকে খুব আদর করল। দাদাকে কখনও মনখারাপ করতে দেখিনি। প্রায় ৬ বছর ধরে ওই ক্যান্টিনে কাজ করছি। কীভাবে কী হয়ে গেল বুঝতে পারছি না। মৃত্যুর খবর পেয়ে ভেঙে পড়েছি।'

যদিও এই বিষয়ে জানতে হাসপাতাল কর্তৃপক্ষকে ফোনে যোগাযোগের চেষ্টা হলেও কেউ

এরপর ৬ পাতায়

# সম্পাদকীয়

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২০২৫ সালের দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ দিলেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো ২০২৫ সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ দিলেন। সমাবেশে ভাষণ দিয়ে তিনি ইউরোপে প্রথমবারের মতো আয়োজিত আন্তর্জাতিক দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো সম্মেলন ২০২৫-এ অংশগ্রহণকারীদের স্বাগত জানান। তিনি এই অনুষ্ঠান আয়োজনে সহায়তার জন্য ফ্রান্সের রাষ্ট্রপতি, মহামান্য মিঃ ইমানুয়েল ম্যাক্রোঁ এবং ফ্রান্স সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী আসন্ন রাষ্ট্রসংঘ মহাসাগর সম্মেলনের জন্যও শুভেচ্ছা জানান।
সম্মেলনের মূলভাবনা , 'উপকূলীয় অঞ্চলের জন্য একটি স্থিতিশীল ভবিষ্যৎ গঠন' কে তুলে ধরে শ্রী মোদী প্রাকৃতিক দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের জন্য উপকূলীয় অঞ্চল এবং দ্বীপপুঞ্জের মানুষের ঝুঁকির উপর জোর দেন। তিনি সাম্প্রতিক দুর্যোগের কথা উল্লেখ করেন, যার মধ্যে রয়েছে ভারত ও বাংলাদেশে ঘূর্ণিঝড় রেমাল, ক্যারিবীয় অঞ্চলে ঘূর্ণিঝড় বেরিল, দক্ষিণ-পূর্ব এশিয়ায় টাইফুন ইয়াগি, মার্কিন যুক্তরাষ্ট্রে ঘূর্ণিঝড় হেলিন, ফিলিপাইনে টাইফুন উসাগি এবং আফ্রিকার কিছু অংশে ঘূর্ণিঝড় চিডো। শ্রী মোদী জোর দিয়ে বলেন যে এই দুর্যোগগুলি জীবন ও সম্পত্তির উল্লেখযোগ্য ক্ষতি করেছে, যা স্থিতিস্থাপক পরিকাঠামো এবং সক্রিয় দুর্যোগ ব্যবস্থাপনার প্রয়োজনীয়তাকে আরও জোরদার করে।

১৯৯৯ সালের সুপার-সাইক্লোন এবং ২০০৪ সালের সুনামি সহ বিধ্বংসী দুর্যোগের সঙ্গে ভারতের অতীত অভিজ্ঞতার কথা স্মরণ করে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে ভারত কীভাবে স্থিতিস্থাপকতার সঙ্গে খাপ খাইয়ে নিয়েছে এবং পুনর্নির্মাণ করেছে, ঝুঁকিপূর্ণ এলাকায় ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করেছে এবং ২৯টি দেশকে উপকৃত করে এমন একটি সুনামি সতর্কতা ব্যবস্থা প্রতিষ্ঠায় অবদান রেখেছে।
২৫টি উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপরাষ্ট্রের সঙ্গে দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো জোট (সিডিআরআই) এর চলমান কাজের উপর জোর দিয়ে শ্রী মোদী প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল এবং ক্যারিবিয়ান অঞ্চলের প্রতিনিধিদের উপস্থিতির জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং জোটে আফ্রিকান ইউনিয়নের অংশগ্রহণকে স্বাগত জানান। মূল আন্তর্জাতিক অগ্রাধিকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করে প্রধানমন্ত্রী ৫টি মূল বিষয় তুলে ধরেন। প্রথমত, ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ কর্মীবাহিনী তৈরির জন্য উচ্চশিক্ষা ক্ষেত্রে দুর্যোগ প্রতিরোধী কোর্স, মডিউল এবং দক্ষতা উন্নয়ন কর্মসূচি একীভূত করার গুরুত্ব। দ্বিতীয়ত, তিনি দুর্যোগ মোকাবেলা এবং স্থিতিস্থাপকতার সাথে পুনর্গঠিত দেশগুলির সেরা অনুশীলন এবং শিক্ষা নথিভুক্ত করার জন্য একটি বিশ্বব্যাপী ডিজিটাল সংগ্রহস্থলের প্রয়োজনীয়তার উপর জোর দেন। শ্রী মোদী জোর দিয়ে বলেন যে দুর্যোগ প্রতিরোধের জন্য উদ্ভাবনী অর্থ বিনিয়োগ প্রয়োজন এবং উন্নয়নশীল দেশগুলির তৃতীয় অগ্রাধিকার হিসাবে প্রয়োজনীয় তহবিলের অ্যাক্সেস নিশ্চিত করতে কার্যকর কর্মসূচি রচনার আহ্বান জানান। চতুর্থত, প্রধানমন্ত্রী ক্ষুদ্র দ্বীপ উন্নয়নশীল রাষ্ট্রগুলিকে বৃহৎ মহাসাগরীয় দেশ হিসাবে ভারতের স্বীকৃতি পুনর্ব্যক্ত করেন এবং তাঁদের দুর্বলতার দিকে বিশেষ মনোযোগ দেওয়ার প্রয়োজনীয়তার উপর জোর দেন। পঞ্চম অগ্রাধিকারের কথা উল্লেখ করে শ্রী মোদী পূর্বাভাস ব্যবস্থা এবং সমন্বয় জোরদার করার প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যকর শেষ মাইল যোগাযোগের সুবিধার্থে এই ব্যবস্থাগুলির গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী আস্থা প্রকাশ করেন যে সম্মেলনে অধিবেশনগুলি এই প্রয়োজনীয় দিকগুলি নিয়ে আলোচনা করবে।

প্রধানমন্ত্রী উন্নয়নে স্থিতিস্থাপকতার প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে সময় এবং জোয়ারের বিরুদ্ধে অবিচল থাকা পরিকাঠামো নির্মাণের আহ্বান জানান। তিনি বিশ্বের জন্য একটি শক্তিশালী এবং দুর্যোগ-সহনশীল ভবিষ্যত গড়ে তুলতে বিশ্বব্যাপী প্রচেষ্টার আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(বিয়াল্লিশতম পর্ব)





পরমাত্মিকা , ৯) জয়প্রদা , ১০) পদ্মালয়া , ১১) পদ্মা , ১২) শুচী, ১৩) স্বাহা, ১৪) স্বাধা, ১৫) সুধা , ১৬) ধন্যা , ১৭) হিরন্ময়ী, ১৮) লক্ষ্মী , ১৯) নিত্যাপুষ্টা, ২০) বিভা, ২১) অদিত্যা, ২২) দিত্যা, ২৩) দীপা, ২৪) বসুধা, ২৫) ক্ষীরোদা, ২৬) কমলাসম্ভবা, ২৭) কান্তা, ২৮) কামাক্ষী, ২৯) ক্ষীরোদসম্ভবা , ৩০) অনুগ্রহাপ্রদা, ৩১) ঐশ্বর্য্যা , ৩২) অনঘা, ৩৩) হরিবল্লভী, ৩৪) অশোকা , ৩৫) অমৃতা, ৩৬) দীপ্তা, ৩৭) লোকাশোকবিনাশিনী, ৩৮) ধর্মনিলয়া, ৩৯) করুণা, ৪০) লোকমাতা, ৪১) পদ্মপ্রিয়া, ৪২) পদ্মহস্তা, ৪৩) পদ্মাক্ষী , ৪৪) পদ্মসুন্দরী, ৪৫) পদ্মভবা, ৪৬)

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# ঝাড়গ্রামের জিতুশোলে স্পঞ্জ আয়রন কারখানার দূষণে জর্জরিত দশটি গ্রাম, রাস্তায় নেমে প্রতিবাদ এলাকাবাসীর

বাচ্চারা অসুস্থ হচ্ছে, জল দূষিত। আমরা কোথায় যাব?" পরিবেশবিদদের মতে, স্পঞ্জ আয়রন উৎপাদনে ব্যবহৃত ধূলিকণা ও রাসায়নিক পদার্থ জল ও বাতাসকে মারাত্মকভাবে দূষিত করে। যদি নিয়ন্ত্রিতভাবে কারখানাটি পরিচালিত না হয়, তাহলে তার প্রভাব ভবিষ্যতে আরও ভয়াবহ হতে পারে।প্রধান দাবিগুলি হল জোর করে জমি দখল বন্ধ করতে হবে, জমিতে ডাস্ট ফেলা ও দূষিত জল ছাড়া সম্পূর্ণরূপে বন্ধ করতে হবে, দূষণের কারণে নষ্ট হওয়া ফসলের ক্ষতিপূরণ দিতে হবে, কারখানা কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে হবে, এলাকার পরিবেশ রক্ষা ও পুনরুদ্ধারে প্রশাসনের তৎপরতা নিশ্চিত করতে হবে।
এখন দেখার বিষয়, প্রশাসন এবং কারখানা কর্তৃপক্ষ এই দীর্ঘদিনের অভিযোগ ও চলমান আন্দোলনের প্রতি কতটা সংবেদনশীল হয় এবং কোনও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে কি না।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

দেবীকে যেসব নামে পূজা করা হয় তার মধ্যে অনেক স্থানীয় আর্য ও অনার্য দেবদেবীর নাম আছে। যোগিনী তন্ত্র অনুসারে এই যোগিনী পীঠের ধর্মের উৎস কিরাতদের ধর্ম। বাণীকান্ত কাকতির মতে গারো উপজাতির মানুষেরা কামাখ্যায় শূকর বলি দিত।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাতাস থেকেই মিলবে বিশুদ্ধ জল, অভিনব যন্ত্র তৈরি করল আইআইটি মাদ্রাজ ও 'তীর্থ' স্টার্টআপ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বিশ্বজুড়ে যখন জলসংকট চরমে, ভারতীয় বিজ্ঞানীদের অভিনব উদ্যোগ খুলে দিল এক নতুন দরজা।

ভারত সহ বিশ্বের বহু দেশেই জলসঙ্কট ক্রমেই প্রকট হয়ে উঠছে। জনসংখ্যার চাপ, জলসম্পদের অযথা ব্যবহার এবং পরিবেশগত পরিবর্তনের কারণে পানযোগ্য জলের চাহিদা প্রতিদিন বাড়ছে। এই কঠিন বাস্তবতার মধ্যেই এক যুগান্তকারী উদ্ভাবনের খবর মিলল—আইআইটি মাদ্রাজ এবং স্টার্টআপ সংস্থা 'তীর্থ'-এর যৌথ গবেষণায় তৈরি হল অত্যাধুনিক জল সংগ্রহ যন্ত্র 'নিরো'।

'নিরো'-এর কাজের পদ্ধতি

'নিরো' মূলত এক Atmospheric Water Generation (AWG) প্রযুক্তিনির্ভর যন্ত্র। সহজ ভাষায়, এটি বাতাসের আর্দ্রতা থেকে জল আহরণ করে। তবে সবচেয়ে বড় কথা—এই সম্পূর্ণ প্রক্রিয়ায় বিদ্যুৎ লাগে না, সম্পূর্ণ সৌরশক্তিনির্ভর। দিনে গড়ে ৫ থেকে ১০ লিটার বিশুদ্ধ পানীয় জল উৎপাদনে সক্ষম এই যন্ত্র।

প্রক্রিয়াটি এমন—'নিরো'র সৌর প্যানেলগুলো দিনভর সূর্যের আলো শোষণ করে। ভিতরের যন্ত্রাংশ বাতাসকে নির্দিষ্ট তাপমাত্রায় শীতল করে, ফলে বাতাসের আর্দ্রতা ঘনীভূত হয়ে তরল জলে পরিণত হয়। এই জল পরে একটি বিশুদ্ধকরণ প্রক্রিয়ার মধ্য দিয়ে গিয়ে পানযোগ্য রূপ পায়।

কেন এত গুরুত্বপূর্ণ এই উদ্ভাবন?

ভারতের বহু প্রত্যন্ত অঞ্চল আজও নিরাপদ পানীয় জলের অভাবে ভুগছে। মরুভূমি, দ্বীপাঞ্চল, পাহাড়ি গ্রাম কিংবা দুর্যোগ কবলিত এলাকায় জলের পরিবহন এক কঠিন ও ব্যয়বহুল কাজ। এমন প্রেক্ষাপটে 'নিরো' এক নতুন আশার আলো।

সম্পূর্ণ পরিবেশবান্ধব,<br>
কার্বন নিঃসরণহীন,<br>
বিদ্যুৎ খরচ একেবারেই নেই,<br>
স্বল্প রক্ষণাবেক্ষণ খরচে দীর্ঘমেয়াদি সমাধান।

বিশেষজ্ঞদের মতে, 'নিরো' দীর্ঘমেয়াদে স্কুল, হাসপাতাল, আর্মি ক্যাম্প এমনকি গ্রামীণ গৃহস্থালিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

পরীক্ষামূলক সাফল্য ও ভবিষ্যতের পরিকল্পনা

আইআইটি মাদ্রাজ এবং 'তীর্থ' ইতিমধ্যেই দেশের কয়েকটি দুর্গম অঞ্চলে পরীক্ষামূলকভাবে 'নিরো' বসিয়েছে। ফলাফল অত্যন্ত আশাজনক। আগামী দিনে এই প্রযুক্তিকে আরও সহজলভ্য করে বৃহৎ স্তরে ছড়িয়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে।

'তীর্থ'-এর সহ-প্রতিষ্ঠাতা বলেন—"আমাদের লক্ষ্য, দেশের প্রতিটি মানুষকে নিরাপদ পানীয় জল সরবরাহের সুযোগ করে দেওয়া। আমরা উৎপাদন খরচ আরও কমিয়ে আনতে চাই যাতে গ্রামের সাধারণ পরিবারও এই প্রযুক্তি সহজে ব্যবহার করতে পারে।"

জল সংকট মোকাবিলায় নতুন দিগন্ত

বিশ্বের একাংশ বিজ্ঞানী মনে করেন, ভবিষ্যতের যুদ্ধ হতে পারে জলের জন্য। ঠিক এই সময়েই 'নিরো'-এর মতো টেকসই, পরিবেশবান্ধব, কার্যকরী প্রযুক্তি পথ দেখাতে পারে। বাতাসের অদৃশ্য আর্দ্রতাকে কাজে লাগিয়ে বিশুদ্ধ পানীয় জল তৈরি—এ যেন বিজ্ঞানের এক নীরব বিপ্লব।

বিশেষজ্ঞরা বলছেন, "ভারতের জল সংকট মোকাবিলায় এই প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।"

'নিরো' শুধুমাত্র একটি যন্ত্র নয়, এটি টেকসই উন্নয়নের একটি দৃষ্টান্ত। এটি প্রমাণ করে—প্রকৃতির শক্তিকে যদি সঠিকভাবে কাজে লাগানো যায়, তবে ভবিষ্যতের সবচেয়ে বড় সংকটগুলিরও টেকসই সমাধান সম্ভব।

# জাতীয় সংহতি, ঐক্য ও সম্প্রীতির বার্তা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**কলকাতা :-** হাওড়া গ্রামীণ জেলার রাজাপুর থানার তুলসীবেড়িয়া দরগা শরীফ কমিটির আয়োজনে ও পীর আব্দুল হামিদ আলি খানের মাজার প্রাঙ্গণে। বড়ো পীর আব্দুল কাদের জিলানী রঃ আঃ এর স্মরণে এগারো শরীফ ও মাসিক নৈতিক চরিত্র গঠনের শিক্ষা শিবির অনুষ্ঠিত হয় আজকে আট জুন রবিবার সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত পর্যায়ক্রমে নানান ধরনের অনুষ্ঠানে মাধ্যমে। দেশের বিভিন্ন স্থানের ভক্ত মুরিদান মেহমান ও দর্শনার্থীরা আসেন স্বপরিবারে। উপস্থিত সকলকে তাবারুক ও শিন্নি দেওয়া হয় বলে জানান সভাপতি এম ডি মোক্তার। ইসলাম ধর্মীয় রীতি অনুসারে ও পীরের সিলসিলা মোতাবেক পরিচালিত হয় নৈতিক চরিত্র গঠনের শিক্ষা শিবির বলে জানান শুভাকাঙ্ক্ষী, সমাজকর্মী সুপ্রিয় ঘোষ বাবু। ইসলাম ধর্মীয় পবিত্র কোরআন শরীফ ও হাদীছ শরীফ থেকে শুরু করে পীর ফকির দরবেশ ওলী আউলিয়া কেরামের জীবনী থেকে ধর্ম আলোচনা করেন পীর রফিকুল ইসলাম খান পীরজাদা সহিদুল ইসলাম খান প্রমুখ। পীরজাদা আমিরুল ইসলাম খান বলেন জাতীয় ঐক্য,সংহতি ও সম্প্রীতি বজায় রাখতে ও বিশ্ব শান্তির জন্য বিশেষ দোওয়ার মজলিসে ভক্তদের সমাগম ছিল চোখে পড়ার মতো।


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# ইদের নমাজের পরই মহম্মদ ইউনূসকে ঘিরে ধরল জনতা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



পবিত্র ইদ-উল-আজহায় বাংলাদেশে দেখা গেল অদ্ভুত এক চিত্র। রাজধানী ঢাকায় ইদগাহ মাঠে নমাজ পড়তে গিয়ে জনগণের প্রশ্নের মুখে পড়লেন দেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মহম্মদ ইউনূস। ইদের নমাজ পড়তে আসতেই জনতা তাঁকে ঘিরে ধরে। ইউনূসকে বলতে থাকে নিজেদের দাবিদাওয়ার কথা।প্রসঙ্গত, দিন কয়েক আগেই অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মহম্মদ ইউনূস ঘোষণা করেছেন যে আগামী বছরের এপ্রিল মাসের শুরুর দিকে যে কোনও দিন বাংলাদেশের জাতীয় নির্বাচন হতে পারে। তবে বিএনপি এই সময়সীমা মানতে রাজি নয়। তারা এখনও ডিসেম্বরে নির্বাচনের দাবিতেই অনড়।শনিবার সকাল সাড়ে ৭ টায় ঢাকার জাতীয় ঈদগাহ ময়দানে পবিত্র ঈদ-উল আজহার নমাজ পড়তে গিয়েছিলেন মহম্মদ ইউনূস।নমাজের পর তিনি দেশবাসীকে ইদের শুভেচ্ছা জানান এবং দেশের মঙ্গলের জন্য প্রার্থনা করেন। নিরাপত্তার আড়াল থেকে হাত নেড়ে জনগণকে শুভেচ্ছা জানান। ইদের নমাজের পর যখন প্রধান উপদেষ্টা বেরিয়ে আসছিলেন, সেই সময়ই কিছু মানুষ চিৎকার করে বলতে থাকেন, "স্যর, দালালদের কথা শুনবেন না"। অনেকে আবার বলেন, "৫ বছর থেকে যান স্যর।" এই ভিডিয়ো এখন সোশ্যাল মিডিয়ায় ভাইরাল। এই ভিডিয়োয় স্পষ্ট বোঝা যাচ্ছে যে মহম্মদ ইউনূসকে চাইলেও, তাঁর আশেপাশের লোকজনদের জনগণ ভরসা করছে না। সেই জন্যই তারা বলছেন, "দালালদের কথা শুনবেন না"। অন্যদিকে, ৫ বছরের আবদার ইঙ্গিত দিচ্ছে যে মহম্মদ ইউনূসকে স্থায়ী পদে দেখতে চান।

# পর্নোগ্রাফিক সাইটে পহেলগাঁও হামলায় শহীদ বায়ুসেনার স্ত্রীর মুখ, গ্রেফতার ২

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সাঙ্ঘাতিক ঘটনা! পহেলগাঁও সন্ত্রাসী হামলায় নিহত বায়ুসেনার মেজর বিনয় নারওয়ালের স্ত্রী হিমাংশির মুখ বিকৃতি করে ইউটিউবে ভুয়ো পর্নোগ্রাফিক সাইটে আপলোড করা হয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে এমন অপরাধের ঘটনায় অভিযুক্ত হলেন বাবা-ছেলের জুটি। যাঁদের বিহারের গোপালগঞ্জ পুলিশের সহায়তায়, মাঞ্জা থানা এলাকার ধোবওয়ালিয়া গ্রামে অভিযান চালিয়ে গ্রেফতার করেছে গুরুগ্রাম সাইবার পুলিশের দল।জিজ্ঞাসাবাদে জানা গিয়েছে যে, অভিযুক্তরা আরও অনেক ভিডিও তৈরি করেছে এবং শেয়ার করেছে। তাঁরা আরও মানুষকে টার্গেট করেছে। পুলিশ এখন ডিজিটাল ফরেনসিক তদন্তের মাধ্যমে নেটওয়ার্ক এবং অভিযুক্তের অন্যান্য সহযোগীদের খুঁজছে। পুলিশের সন্দেহ, এই মামলায় আরও অনেকে জড়িত থাকতে পারে এবং এটি একটি সংগঠিত সাইবার অপরাধ চক্রের অংশ হতে পারে। এই বিষয়ে গোপালগঞ্জ পুলিশ একটি প্রেস বিজ্ঞপ্তি জারি করে জানিয়েছে, প্রযুক্তিগত প্রমাণের ভিত্তিতে, তাঁদের ইউটিউব চ্যানেলটি ট্র্যাক করা হয়েছিল এবং তারপরে অভিযুক্তদের সনাক্ত করা হয়েছে। এবং তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। এই মামলায় গ্রেফতারের পর এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছ । এআই-এর অপব্যবহার করে কীভাবে শহীদ পরিবারের ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা করা হচ্ছে, তা নিয়ে মানুষের মধ্যে আলোচনা চলছে।বর্তমানে AI-কাজে লাগিয়ে জঘন্য থেকে জঘন্যতম অপরাধ করেছে অপরাধীরা। তার মধ্যে বিনয় নার ওয়ালের স্ত্রীর মুখ বিকৃতি করার ঘটনাও রয়েছে। গত ২২ এপ্রিল কাশ্মীরের পহেলগাঁও-তে অতর্কিত সন্ত্রাসী হামলায় প্রাণ হারিয়েছেন ২৬ জন নিরীহ মানুষ। যাদের ঘটনার বিষয়ে এক্কেবারে অবগত ছিল না। ছয়জন দুষ্কৃতী পহেলগাঁও-তে ঢুকে এলোপাথাড়ি গুলি ছোড়ে। তাতেই মারা ১ পণি চালক-সহ ২৬ জন পর্যটক। যার মধ্যে বিনয় নারওয়ালও ছিলেন।

যিনি কাশ্মীরে হানিমুনে গিয়েছিলেন। মৃত্যুর ৬ দিন আগে তাঁদের নিয়ে হয়। হামলার পর বিনয় নারওয়ালকে ধরে তাঁর স্ত্রীর একটি ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছিল। সেটাকেই কব্জা করে এবার বিনয়ের স্ত্রীর মুখ বিকৃতি করল অপরাধীরা। এবং পর্নোগ্রাফি ভিডিওতে বিনয়ের স্ত্রীর মুখ বসিয়ে দেওয়া হয়েছে। গ্রেফতারকৃত বাবার নাম মহিবুল হক এবং ছেলের নাম গুলাব জিলানি। দুজনের বিরুদ্ধেই 'SS REAL POINT' নামে একটি ইউটিউব চ্যানেলে শহীদের স্ত্রীর মুখ বিকৃত করে একটি ভিডিও আপলোড করার অভিযোগ রয়েছে। এই ভিডিওটি নিয়ে হরিয়ানার গুরুগ্রাম সাইবার পুলিশ স্টেশনে মামলা দায়ের করা হয়েছে। এরপরেই গুরুগ্রাম সাইবার পুলিশ তদন্তে নেমে অভিযুক্তদের শনাক্ত করেন। বর্তমানে হরিয়ানা পুলিশ উভয় অভিযুক্তকে গোপালগঞ্জ থেকে গ্রেফতার করে আদালতে হাজির করেছে এবং রিমান্ড প্রক্রিয়া সম্পন্ন করার পর তাদের হেফাজতে নিয়ে যাওয়া হয়েছে।

(৩ পাতার পর)

# এসএসকেএমে অস্বাভাবিক মৃত্যু পশ্চিম মেদিনীপুরের যুবকের

উত্তর দেননি।

বছর ৪৫'র ওই ব্যক্তির বাড়ি পশ্চিম মেদিনীপুরের কোতয়ালি থানার মেহতাবপুর এলাকায় বলে জানা গিয়েছে। কিন্তু কী কারণে এই মৃত্যু, নেপথ্যে অন্য কারণ রয়েছে কিনা, খতিয়ে দেখছেন তদন্তকারীরা। ইতিমধ্যেই এই ঘটনায় তদন্ত শুরু করেছে ভবানীপুর থানা।

সূত্রের দাবি, মৃত শান্তনু রায় বেশ কিছুদিন ধরেই ধার-দেনায় জর্জরিত ছিলেন! একের পর পাওনাদাররা আসতেন তাঁর ক্যান্টিনে। অন্যদিকে তাঁর ক্যান্টিনে অনেকেই ধারবাকিতে খাবার খেয়ে টাকা দিতেন না বলেও দাবি ওই সূত্রের। সাম্প্রতিক সময়ে অর্থ সংক্রান্ত বিষয়ে চিন্তিত ছিলেন ওই ব্যক্তি। যদিও কী কারণে এই মৃত্যু, তা নিয়ে এখনও ধোঁয়াশ রয়েছে।

# সিনেমার খবর

## দীপিকা ঝলক সুইডেনে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



সদ্যই অনুষ্ঠিত হয়ে গেল কান চলচ্চিত্র উৎসব। এবার কানের লাল গালিচায় দেখা মেলেনি দীপিকার। সম্প্রতি মা হয়েছেন অভিনেত্রী। সন্তান নিয়েই তার দিনকাল। তবে কানে না গেলেও সুইডেনের এক অনুষ্ঠানে হাজির হয়ে আলো ছড়ালেন ভারতের শীর্ষ এ অভিনেত্রী।

সম্প্রতি সন্দীপ রেড্ডি ভাঙ্গার 'স্পিরিট' সিনেমা থেকে সরে দাঁড়ানোর পর আলোচনায় আসেন দীপিকা। সন্দীপ সমালোচনা করেন অভিনেত্রীর। তবে এসব পাত্তা না দিয়ে হাজার মাইল দূরের দেশ সুইডেনে ঝলক দেখালেন দীপিকা পাড়ুকোন।

স্টকহোমের গ্লোবাল আইকন কার্টিয়ার আয়োজিত একটি গ্ল্যামারাস পার্টিতে যোগ দেন দীপিকা। সেখানে কার্টিয়ারের সবচেয়ে দামি গয়নার সংগ্রহ 'এন ইকুইলিবার' উন্মোচন করেন এই গ্লোবাল স্টার। আন্তর্জাতিক অনেক তারকার মধ্যেও স্পটলাইট কেড়ে নেন দীপিকা। আশি স্টুডিওর একটি লাল রঙের পোশাক গায়ে দীপিকা আধুনিকতা ও কালজয়ী সৌন্দর্যের মধ্যে ভারসাম্য রেখেছিলেন। শালিনা নাথানীর স্টাইলিংয়ে দীপিকা সেই আয়োজনকে রীতিমতো নিজের র‍্যাম্পে পরিণত করেন। তিনি ইনস্টাগ্রামে ছবিগুলো শেয়ার করে লেখেন, 'স্টকহোম থেকে হ্যালো'।

ইভেন্টে তিনি পরেছিলেন আশি স্টুডিও-এর 'ফল ২০২৩'-এর কালেকশন থেকে এক গাঢ় লাল পোশাক। তার পোশাকে ছিল ভাস্কর্যের বিবরণসহ একটি মেঝে ছুঁয়ে যাওয়া পোশাক এবং নিচে একটি স্ট্র্যাপলেস গাউন। এদিকে, দীপিকার নতুন ছবিগুলো প্রকাশ হতেই প্রশংসায় ভাসায় ভক্তরা। কারও মতে, দীপিকা 'কুইন', কারও মতে দীপিকা হাজির হলে সবাই ফিকে হয়ে যায়। কেউ বলছেন, দীপিকাই আসল গ্ল্যামার কুইন। সম্প্রতি প্রভাসের আসন্ন সিনেমা 'স্পিরিট' থেকে দীপিকার বাদ পড়া নিয়ে তৈরি হয় বিতর্ক। পরিচালক সন্দীপের কথায়, 'অপেশাদার' আচরণ করেছেন দীপিকা। নানা ধরনের খবর প্রকাশ করে গণমাধ্যমগুলো। যদিও দীপিকা নিজে এ বিষয়ে কিছু বলেননি। তার এক ঘনিষ্ঠ হিন্দুস্তান টাইমসকে জানায়, অভিনেত্রীর বিরুদ্ধে ওঠা অভিযোগগুলো 'অতিরঞ্জিত'। দীপিকা কিছুদিন আগেই মা হয়েছে। তার দাবিগুলো নিজের তারকাখ্যাতি ও মাতৃত্বের বাস্তবতার সঙ্গে মানানসই। তিনি কন্যা দুয়ার জন্য সময় বের করার চেষ্টা করছিলেন, পাশাপাশি কাজের প্রতিশ্রুতিও রক্ষা করতে চেয়েছেন। শেষ পর্যন্ত দীপিকার বদলে নেওয়া হয় তৃপ্তি দিমরিকে।

## সরে এলেন শ্রদ্ধা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

'স্ত্রী টু' সিনেমার সাফল্যের পর ফের আলোচনায় এসেছিলেন বলিউড অভিনেত্রী শ্রদ্ধা কাপুর। সিনেমাটি আয় করে প্রায় ৮০০ কোটি রুপি এবং এর মাধ্যমে বলিউডের তৃতীয় সর্বোচ্চ আয় করা চলচ্চিত্র হিসেবে জায়গা করে নেয়। এমন সাফল্যের পর শ্রদ্ধার পরবর্তী প্রজেক্ট নিয়ে কৌতূহলের কমতি ছিল না দর্শকের মধ্যে।

কিছুদিন আগে গুঞ্জন উঠেছিল, 'তুম্বাদ'-এর পরিচালক রাহি অনীল বারভির নতুন একটি থ্রিলার সিনেমায় কাজ করছেন শ্রদ্ধা। প্রযোজক হিসেবে ছিলেন একতা কাপুর। চরিত্রটি ছিল নারীকেন্দ্রিক, রহস্যে ঘেরা ও শক্তিশালী যা শ্রদ্ধার ক্যারিয়ারে নতুন মাত্রা যোগ করতে পারত। কিন্তু সেই সম্ভাবনার ইতি ঘটেছে বলে জানিয়েছে বিনোদন পোর্টাল পিংমুন।

সূত্র জানায়, পারিশ্রমিক নিয়ে দুই পক্ষের মধ্যে সমঝোতা না হওয়ায় প্রজেক্টটি থেকে সরে দাঁড়িয়েছেন শ্রদ্ধা কাপুর। 'স্ত্রী টু'র পর নিজের বাজারমূল্য নিয়ে আরও সচেতন হয়ে উঠেছেন তিনি। নতুন ছবিটির জন্য তিনি দাবি করেন ১৭ কোটি রুপি এবং সঙ্গে চেয়েছিলেন লাভের একটি অংশ। তবে প্রযোজক একতা কাপুর এই অর্থনৈতিক শর্তে রাজি হননি।

একতা কাপুরের ঘনিষ্ঠ একটি সূত্র জানায়, 'নারীকেন্দ্রিক একটি প্রজেক্টের জন্য শ্রদ্ধার চাহিদা বাজেটের তুলনায় অনেক বেশি। এতে সিনেমার সামগ্রিক খরচ অনেক বেড়ে যাবে, যা ঝুঁকিপূর্ণ।'

শ্রদ্ধার না বলার পর প্রজেক্টটি নিয়ে নতুনভাবে ভাবছেন নির্মাতারা। পরিচালক রাহি অনীল বারভি বর্তমানে ব্যস্ত নেটফ্লিক্সের 'রক্ত ব্রহ্মাণ্ড' সিরিজ নিয়ে। এরপর এই সিনেমার কাজ শুরু হবে, তবে শ্রদ্ধার পরিবর্তে অন্য কাউকে নিয়ে। ইতোমধ্যেই কয়েকজন অভিনেত্রীর সঙ্গে প্রাথমিক আলোচনা হয়েছে।

অন্যদিকে শ্রদ্ধা বর্তমানে মনোযোগ দিচ্ছেন 'স্ত্রী' ফ্র্যাঞ্চাইজির তৃতীয় পর্বে। ইতোমধ্যে 'স্ত্রী থ্রি' নামেও সিনেমার ঘোষণা এসেছে। ছবিটির শুটিং শুরু হবে ২০২৬ সালে, মুক্তি নির্ধারিত ২০২৭ সালের ১৩ আগস্ট। আগের মতোই এতে থাকবেন রাজকুমার রাও, অপারশক্তি খুরানা ও পঙ্কজ ত্রিপাঠী।

## অভিষেক মায়ের থেকেও ঐশ্বরিয়াকে বেশি ভয় পায়, শ্বেতার মন্তব্য ভাইরাল

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



বলিউডের আলোচিত দম্পতি অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাই বচ্চনকে ঘিরে আবারও চর্চা তুঙ্গে। কখনও বিচ্ছেদ গুঞ্জন, কখনও সম্পর্কের রসায়ন- এই জুটিকে নিয়ে আলোচনা যেন থামেই না।

সম্প্রতি 'কফি উইথ করণ'-এর একটি পুরোনো পর্বের ক্লিপ ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। সেই পর্বে অতিথি ছিলেন অভিষেক বচ্চন ও তার বোন শ্বেতা বচ্চন। শোর জনপ্রিয় র‍্যাপিড ফায়ার রাউন্ডে করণ জোহর মজার ছলে অভিষেককে প্রশ্ন করেন- স্ত্রীকে বেশি ভয় পাও, না মাকে?

উত্তরে অভিষেক বলেন, "মাকেই বেশি ভয় পাই।" তবে সঙ্গে সঙ্গেই শ্বেতা মন্তব্য করেন, "স্ত্রী!" জবাবে অভিষেক হেসে বলেন, "এটা আমার র‍্যাপিড ফায়ার, চুপ করো!" সেই মুহূর্তটি নতুন করে নেটদুনিয়ায় ছড়িয়ে পড়েছে। অনেকেই মন্তব্য করছেন- অভিষেকের কথাতেই স্পষ্ট, স্ত্রী ঐশ্বরিয়াকে তিনি বেশ ভয়ই পান!

এদিকে, আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব কান-এ এবারও নজর কাড়লেন ঐশ্বরিয়া রাই বচ্চন। তার লুক নিয়ে বেশ চর্চা হয়েছে। তার মধ্যে অবশ্যই তার সিঁথির সিঁদুর অন্যতম কারণ। সদ্য গুঞ্জন উঠেছিল, অভিষেক বচ্চনের সঙ্গে নাকি বিচ্ছেদ হয়ে যেতে চলেছে তার। দীর্ঘদিন থেকেই নাকি মেয়েকে নিয়ে আলাদা থাকছেন ঐশ্বরিয়া। আর বাবা মায়ের সঙ্গে রয়েছেন অভিষেক। তবে কান-এর মঞ্চে ঐশ্বরিয়ার সিঁথি ভরা সিঁদুর যেন সব কিছুর জবাব।

# শীর্ষস্থান ধরে রাখলেন জো রুট

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



আইসিসি টেস্ট ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থান ধরে রেখেছেন জো রুট। তবে ইংল্যান্ডের সফলতম টেস্ট ব্যাটসম্যানের সঙ্গে রেটিং পয়েন্টের ব্যবধান কমিয়েছেন হ্যারি ব্রুক। জিম্বাবুয়ের বিপক্ষে একমাত্র টেস্টে সেঞ্চুরি করে র‍্যাঙ্কিংয়ে এগিয়েছেন অলিভার পোপ, বেন ডাকেট ও জ্যাক ক্রলি।

ট্রেন্ট ব্রিজে চার দিনের টেস্টে তিন দিনেই গত শনিবার জিম্বাবুয়েকে ইনিংস ব্যবধানে হারায় ইংল্যান্ড। ইংলিশদের একমাত্র ইনিংসে সেঞ্চুরি করেন তাদের প্রথম তিন ব্যাটসম্যানই। পোপ ১৬৬ বলে ১৭১, ডাকেট ১৩৪ বলে ১৪০, ক্রলি ১৭১ বলে ১২৪ রানের ইনিংস খেলেন। বুধবার (২৮ মে) পুরুষ ক্রিকেটারদের র‍্যাঙ্কিংয়ের সাপ্তাহিক হালনাগাদে ডাকেট দুই ধাপ এগিয়ে ১৩তম, পোপ ছয় ধাপ এগিয়ে ২২তম ও ক্রলি আট ধাপ এগিয়ে ৩৩তম স্থানে আছেন।

জিম্বাবুয়ের বিপক্ষে চার নম্বরে নেমে ৪৪ রান করা রুট ৮৮৮ রেটিং পয়েন্ট নিয়ে চূড়ায় আছেন। তার চেয়ে কেবল ১৫ পয়েন্ট পিছিয়ে দুইয়ে আছেন ব্রুক। ট্রেন্ট ব্রিজে ওয়ানডে ঘরনার ব্যাটিংয়ে ৫০ বলে ৫৮ রানের ইনিংস খেলেন তিনি। টেস্ট ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষ দশে কোনো পরিবর্তন আসেনি।

বোলারদের র‍্যাঙ্কিংয়ে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে শোয়েব বাশিরের। ১৪ ধাপ এগিয়ে ৪৩তম স্থানে আছেন ইংলিশ অফ স্পিনার। ট্রেন্ট ব্রিজ টেস্টে তিনি নেন ৯ উইকেট। এই তালিকায় আগের মতো শীর্ষে আছেন ভারতীয় পেসার জাসপ্রিত বুমরাহ। অলরাউন্ডারদের র‍্যাঙ্কিংয়ে চূড়ায় যথারীতি দেশটির রাভিন্দ্রা জাদেজা।

আয়ারল্যান্ড-ওয়েস্ট ইন্ডিজের ১-১ ড্র হওয়া ওয়ানডে সিরিজের প্রতিফলনও পড়েছে র‍্যাঙ্কিংয়ে। পরপর দুই ম্যাচে সেঞ্চুরি করে ২০ ধাপ এগিয়ে ১৬তম স্থানে আছেন ক্যারিবিয়ান ব্যাটসম্যান কেসি কার্টি। ওয়ানডে ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে শুবমান গিল, বোলারদের তালিকায় মাহিশ থিকশানা ও অলরাউন্ডারদের র‍্যাঙ্কিংয়ে আজমাতউল্লাহ ওমারজাই যথারীতি শীর্ষে আছেন।

## আল হিলালের ক্লাব বিশ্বকাপ ভাবনায় রোনালদো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ক্রিস্টিয়ানো রোনালদো নিজেই ঘোষণা দিয়েছেন 'আল নাসর অধ্যায় শেষ'। তবে ফুটবল যাত্রার শেষটা এখনই নয় সেটাও জানিয়ে দিয়েছেন। ১৫ জুন শুরু হওয়া ক্লাব বিশ্বকাপ ঘিরে তাই ফুটবলের দলবদলের বাজারে আলোচিত নাম সিআরসেভেন।

সংবাদ মাধ্যম ফুটমার্কেতো জানিয়েছে, রোনালদোর পরবর্তী ক্লাব হতে পারে আল নাসরের লিগ প্রতিদ্বন্দ্বী সৌদি আরবের আল হিলাল। দলটি ক্লাব বিশ্বকাপে অংশ নেবে এবং নেইমারের জায়গায় একজন তারকা খুঁজছে। হাতের নাগালে পাওয়া রোনালদো হতে পারেন সেই তারকা।

এর আগে ফিফা প্রেসিডেন্ট জিওন্নি ইনফান্তিনো জানিয়েছেন, নতুন ফরম্যাটের এই ক্লাব বিশ্বকাপে ক্রিস্টিয়ানো রোনালদোর থাকা উচিত। টুর্নামেন্ট শুরুর অল্প কিছুদিন বাকি থাকলেও ফিফা প্রেসিডেন্ট জানান, আসরে অংশ নেওয়া ক্লাবগুলো একটা অপশন নিশ্চয় খুঁজে বের করবে। সুযোগ পেলে রোনালদোও ফিফার প্রতিযোগিতায় অংশ নেওয়ার সুযোগ নাও হারাতে পারেন।

তারওপর আল হিলাল গ্রুপ পর্বে রিয়াল মাদ্রিদের বিপক্ষে ম্যাচ খেলবে। আল হিলালে যোগ দিয়ে রিয়াল মাদ্রিদের কিংবদন্তি সাবেক ক্লাবের মুখোমুখি হলে ওই ম্যাচের আকর্ষণও বাড়বে বহুগুন। লিওনেল মেসির সঙ্গে একই আসরে খেলার গুরুত্বও আছে।

এছাড়া রোনালদোকে মরক্কোর ক্লাব কাসাব্লাঙ্কা দলে নেওয়ার চেষ্টা করছে বলেও খবর এসেছিল। ব্রাজিলের ক্লাব বোটাফোগো ও ফ্লামেঙ্গোর নামও এসেছে। এর মধ্যে ফ্লামেঙ্গোর প্রেসিডেন্ট নিশ্চিত করে দিয়েছেন, তারা কেবল ক্লাব বিশ্বকাপের জন্য কাউকে দলে ভেড়াবেন না। সেটা রোনালদো হলেও না।

ক্রিস্টিয়ানো রোনালদো ছাড়া আরও এক বড় তারকার পিছু নিয়েছে আল হিলাল। তিনি হচ্ছেন নাপোলি থেকে ধারে এক মৌসুমে গ্যালাতাসারেতে কাটানো নাইজেরিয়ান স্ট্রাইকার ভিক্টর ওসিমহেন। এক মৌসুমে ৪০ গোল করা এই স্ট্রাইকারকে তিন মৌসুমে ১২০ মিলিয়ন ইউরো বেতনের প্রস্তাব দিয়েছে আল নাসর। সঙ্গে ক্লাব বিশ্বকাপে খেলার সুযোগ তো আছেই।

## কনফারেন্স লিগ জিতে ইতিহাস গড়ল চেলসি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




উয়েফা কনফারেন্স লিগের ফাইনালে রিয়াল বেতিসকে হারিয়ে শিরোপা ঘরে তুলেছে চেলসি। এর মাধ্যমে ইতিহাসের প্রথম ক্লাব হিসেবে ইউরোপিয়ান প্রতিযোগিতার সব শিরোপা জয়ের কীর্তি গড়ল দ্য ব্লুজরা।

পোল্যান্ডের রোকলাতে আয়োজিত ফাইনালে বেতিসকে ৪-১ গোলে উড়িয়ে দিয়েছে মারেস্কার দল।

ম্যাচের প্রথম হাফে বল দখলে এগিয়ে ছিল চেলসি। তবে, আক্রমণে এগিয়ে ছিল বেতিস। ম্যাচের নবম মিনিটেই স্প্যানিশ ক্লাবটি এগিয়ে যায়। ইসকোর পাস থেকে বেতিসকে লিড এনে দেন এজ্জালজুলি।

দ্বিতীয়ার্ধের শুরু থেকেই একের পর এক আক্রমণ করতে থাকে চেলসি। তাতে ৬৫তম মিনিটে কোল পালমারের ক্রস থেকে হেডে গোল করেন আর্জেন্টাইন তারকা এঞ্জো ফার্নান্দেজ। তার পাঁচ মিনিট পর আবারও গোল করে দ্য ব্লুজরা। পালমারের ক্রস থেকে এবার হেড করে জাল খুঁজে নেন নিকোলাস জ্যাকসন। ৮৩তম মিনিটে হলের পাস থেকে দুর্দান্ত এক গোল করেন ম্যানচেস্টার ইউনাইটেড থেকে এই মৌসুমে চেলসিতে ধারে খেলতে আসা সাঞ্চো। তার গোলেই চেলসির জয় নিশ্চিত হয়ে যায়। আর ম্যাচে বাড়ানো সময়ে বেতিসের কফিনে শেষ পেরেকটি ঢোকান কাইসেডো। ৪-১ গোলের জয় পায় চেলসি।

২০১২ ও ২০২১ সালে চ্যাম্পিয়ন্স লিগের শিরোপা জিতেছে চেলসি। ২০১৩ ও ২০১৯ সালের ইউরোপা লিগের শিরোপা ঘরে তুলেছে তারা। আর এবার ২০২৫ সালে এসে কনফারেন্স লিগের শিরোপাও নিজেদের করে নিল ব্লুজরা।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১

● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR